



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
প্রশিক্ষণ ও শারীরিক শিক্ষা শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা) নিউ বেইলি রোড, ঢাকা
www.dme.gov.bd



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৬.০৪.০০৮.১৭.১৭৭

১৩ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ২৮ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (BMTTI)-এ আয়োজিত দাখিলস্তরের ৩৮তম শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা বিষয়ে সঞ্জীবনী প্রশিক্ষণ কোর্সে ৪৫ জন সুপার/সহ-সুপারের তালিকা প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: বিএমটিটিআই-এর স্মারক নং-বিএমটিটিআই/২৩০/মাশিঅ/প্রশা:/২০১৬/২২৩৪; তারিখ: ২৭/১১/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত স্মারকে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (BMTTI) কর্তৃক আয়োজিত ১০ ডিসেম্বর ২০২৩ থেকে ১৪ ডিসেম্বর ২০২৩ পর্যন্ত আবাসিক দাখিলস্তরের ৩৮তম শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা সঞ্জীবনী প্রশিক্ষণ কোর্সে অতিরিক্ত ০৫ জনসহ ৪৫ জন সুপার/সহ-সুপারের তালিকা প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। এমতাবস্থায়, দাখিলস্তরের ৩৮তম শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা সঞ্জীবনী প্রশিক্ষণ কোর্সে ৪৫ জন সুপার/সহ-সুপারের তালিকা সংযুক্ত করে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে প্রশিক্ষণ ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

ক) প্রশিক্ষণ চলাকালীন প্রশিক্ষণার্থীগণের তালিকা আবশ্যিকভাবে MEMIS সফটওয়্যারের ডাটাবেইজে এন্ট্রি নিশ্চিত করতে হবে। ব্যত্যয় ঘটলে অধ্যক্ষ বিএমটিটিআই দায়ী থাকবেন;

খ) মনোনীত সুপার/সহ-সুপারগণের মধ্যে অনুপস্থিতির তালিকা মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং: ৫৭.২৫.০০০০.০০৬.০৯.০০১. ২১.৩৫; তারিখ: ২০/০৫/২০২১খ্রি.-এ বর্ণিত ছকে কোর্স সমাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে Compliance Report প্রেরণ করতে হবে এবং একই সাথে পরবর্তী কোর্স শুরু হওয়ার পূর্বে MEMIS সফটওয়্যারের ডাটাবেইজে এন্ট্রির তথ্য প্রেরণ করতে হবে;

গ) প্রয়োজনে মোবাইল/ব্যক্তিগতভাবে যোগাযোগপূর্বক প্রেরিত তালিকা অনুযায়ী সকল প্রশিক্ষণার্থীর উপস্থিতি নিশ্চিত করতে হবে;

ঘ) যুক্তিসংগত ও গ্রহণযোগ্য কারণ ব্যতীত মনোনীত সুপার/সহ-সুপারগণ প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তা অসদাচরণ হিসেবে বিবেচিত হবে;

ঙ) প্রশিক্ষণ কোর্স পরিচালনার ক্ষেত্রে সরকারি বিধিবিধানসমূহ প্রতিপালন করতে হবে।

সংযুক্তি: ১। বিএমটিটিআই'র প্রস্তাব- ১ ফর্দ।

২। প্রশিক্ষণার্থীর তালিকা- ২ ফর্দ।

২৮-১১-২০২৩

মোঃ জিয়াউল আহসান
পরিচালক

অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট, বোর্ডবাজার, গাজীপুর।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৬.০৪.০০৮.১৭.১৭৭/১ (৭)

১৩ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ২৮ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব, মাদ্রাসা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা।;

২। পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং PD, মেমিস, মাশিঅ। টিএমইডি'র নির্দেশনা অনুযায়ী প্রশিক্ষণার্থীদের তালিকা MEMIS সফটওয়্যারের Database-এ এন্ট্রি নিশ্চিতকরণের অনুরোধসহ;

৩। সিনিয়র সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারি সচিব), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা;

৪। উপ-পরিচালক (প্রশাসন), মাশিঅ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);

- ৫। সভাপতি/সুপার ----- মাদ্রাসা, বর্ণিত তালিকার শিক্ষকগণকে অনুমতিপত্রসহ প্রশিক্ষণে অংশগ্রহণ নিশ্চিত করার অনুরোধ করা হলো;
- ৬। জনাব ----- সুপার/সহ-সুপার, ----- সংযুক্ত তালিকার বর্ণিত মাদ্রাসা এবং
- ৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।



(Signature)

২৯-১১-২০২৩
মোঃ সুলতান আহমেদ
সহকারী পরিচালক

সকল সংযুক্তিসমূহ:

- (১) ৩৮তম সুপার, সহকারী সুপার সঞ্জীবনী কোর্স অনুমোদন কপি
- (২) ৩৮তম সুপার, সহকারী সুপার সঞ্জীবনী কোর্স তালিকা